

# EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

## PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



## সংবাদ বিজ্ঞপ্তি

### নারী ও তরুণীদের উন্নয়নে যুক্তরাষ্ট্র সরকারের শীর্ষ কর্মকর্তাদের বাংলাদেশ সফর

ঢাকা, ৩রা জানুয়ারি - মিনেসোটা থেকে নির্বাচিত কংগ্রেস সদস্য বেটি ম্যাককালাম (ডেমোক্র্যাট) এবং বিশ্ব মহিলা বিষয়ক রাষ্ট্রদূত মেলান ভারভিয়ার নারী ও তরুণীদের অধিকার এবং কল্যাণের সাথে সম্পৃক্ত সরকারী কর্মকর্তা, কমিউনিটি-পর্যায়ের ও সুশীল সমাজের নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎ করতে এবং নারী, স্বাস্থ্য এবং শিক্ষা বিষয়ে যুক্তরাষ্ট্রের নীতিমালা প্রসারের উদ্দেশ্যে আগামী ৪ঠা জানুয়ারি বাংলাদেশে আসছেন। এই সফরকালে কংগ্রেস সদস্য ম্যাককালাম এবং রাষ্ট্রদূত ভারভিয়ার মাতৃত্ব ও শিশু স্বাস্থ্য, শিক্ষায় তরুণীদের অংশগ্রহণের উন্নয়ন, বাল্য বিবাহ, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা, মানবপাচার এবং জলবায়ুর পরিবর্তনে মহিলাদের ভূমিকার মত বিষয় নিয়ে এদেশের সরকারী কর্মকর্তা এবং বেসরকারি প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় করবেন।

কংগ্রেস সদস্য ম্যাককালাম একজন ডেমোক্র্যাট এবং যুক্তরাষ্ট্রের কংগ্রেসে ষষ্ঠবারের মত প্রতিনিধিত্ব করছেন। সম্প্রতি তিনি কংগ্রেসে একটি আইন উপস্থাপন করেছেন যা বাল্যবিবাহকে মানবাধিকার লঙ্ঘন হিসাবে ঘোষণা করেছে এবং তিনি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির অংশ হিসেবে বাল্যবিবাহ বিলোপের জন্য প্রচারণা শুরু করেছেন। এছাড়া, এই আইনের জন্য বাল্যবিবাহ বিস্তার এবং যুক্তরাষ্ট্রের মূল উন্নয়ন লক্ষ্যে এর প্রভাবের উপর তথ্য-উপাত্ত সংগ্রহ ও প্রচারে যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি) এবং দেশটির পররাষ্ট্র দফতরের কার্যকরী পদক্ষেপ প্রয়োজন।

রাষ্ট্রদূত ভারভিয়ার পররাষ্ট্র দফতরের বিশ্ব মহিলা বিষয়ক পরিচালক হিসেবে বিশ্বে নারীদের রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক অগ্রগতির সাথে সম্পৃক্ত পররাষ্ট্র নীতিমালা এবং কর্মসূচির সমন্বয় করে থাকেন। তিনি নারীর অধিকার, রাজনৈতিক এবং অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ ও কর্মসূচি পরিকল্পনার মাধ্যমে শিক্ষা ও স্বাস্থ্যসেবায় নারী ও তরুণীদের অংশগ্রহণ বৃদ্ধি, নারী ও তরুণীদের উপর সব ধরনের সহিংসতার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা, এবং যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র নীতি নির্ধারণে মানবাধিকারের সাথে পরিপূর্ণভাবে নারীর অধিকার সমন্বিত করার বিষয়টি নিশ্চিত করতে সহায়তা করে থাকেন।

রাষ্ট্রদূত ভারভিয়ার আগামী ৬ই জানুয়ারি নেপালের উদ্দেশ্যে যাত্রা করবেন। কংগ্রেস সদস্য ম্যাককালাম আগামী ১০ই ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশ সফর করবেন।

=====

জিআর/ ২০১১

দ্রষ্টব্য: এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষ্য 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৫৫৫০০, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং ওয়েবসাইট: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।